

কমিউনিটি প্রাথমিক শিক্ষকদের আমরণ অনশন স্থগিত

নিজস্ব বাজী পরিকল্পনা

সরকারের অনুরোধে বাংলাদেশ কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতির নেতারা আজ রোববার থেকে শুরু হওয়া তাদের আমরণ অনশন কর্মসূচি সাময়িকভাবে স্থগিত করেছেন।

গত ৩০ জুন কেন্দ্রীয় কমিটির এক সভার সিদ্ধান্ত মোতাবেক জাতীয় বেতন কমিশনই পাঁচ দফা দাবি বাস্তবায়নের জন্য সরকারকে ৩১ জুলাই পর্যন্ত সময় বেঁধে দেয়া হয়েছিল। আজ রোববার তাদের আমরণ অনশন কর্মসূচি হবার কথা ছিল। কিন্তু গত বুধসপ্তাহের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা রাশেদা কে চৌধুরীর অনুরোধে শিক্ষক নেতারা এ কর্মসূচি স্থগিত করেন।

গত শুক্রবার কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি হাবিবুল আহসান বাবলু ও মহাসচিব হাফিজুর রহমানের এক যৌথ বিবৃতিতে একথা জানানো হয়।

বিবৃতিতে তারা বলেন, সার্ক সম্মেলন শেষে দেশে ফিরে এনে প্রধান উপদেষ্টা, অর্থ উপদেষ্টা, প্রাথমিক গণশিক্ষা উপদেষ্টা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিবের সঙ্গে বৈঠক করে কমিউনিটি প্রাথমিক শিক্ষকদের দাবি বাস্তবায়নের ঘোষণা দিবেন বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা।

বিবৃতিতে মহাসচিব হাফিজুর রহমান বলেন, সরকারের চাওয়া দুই সপ্তাহ সময়ের সঙ্গে শতদের ২য় সাময়িক পরীক্ষার কথা বিবেচনা করে আরও ১০ দিন সময় অর্থাৎ আগামী ২৪ আগস্ট পর্যন্ত সময় দেয়া হলো।

এই সময়ের মধ্যে দাবিসমূহ পূরণে সরকার ব্যর্থ হলে আগামী ২৫ আগস্ট থেকে বিন্যাসে তালু খুলিয়ে কাফনের কাপড় পরে কেন্দ্রীয় শহীদ মিনারে আমরণ অনশন কর্মসূচি পালন করা হবে।